Institutional Quality Assurance Cell (IQAC)
Room: 401, Centre for Advanced Research in Arts and Social Sciences (CARASS) Building
University of Dhaka, Dhaka-1000, Bangladesh, Phone: +88 9666911463/4647-48, 4650

# বিজ্ঞপ্তি

**ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকদের নিয়ে আইকিউএসি কর্তৃক আয়োজিতব্য**
**"Research Methodology & Scientific Writing" শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ প্রসঙ্গ**

ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (আইকিউএসি) ২০২৪-২০২৫ অর্থবছর থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকদের নিয়ে "Research Methodology & Scientific Writing" শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করছে। এই প্রশিক্ষণটির গুরুত্ব বিবেচনা করে Senior Management Team (SMT)-এর সভায় (তারিখঃ ২৩ জুন ২০২৫) সম্মানিত সদস্যবৃন্দ বিশ্ববিদ্যালয়ের নবীন শিক্ষকদের জন্য কর্মশালাটি বাধ্যতামূলক করার বিষয়ে নীতিগতভাবে সিদ্ধান্ত গ্রহণ করেছেন। সম্মানিত শিক্ষকদের গবেষণা সম্পর্কিত দক্ষতা বৃদ্ধি ও কাজে উৎসাহিত করার লক্ষ্যে আইকিউএসি অতিশীঘ্রই ৪ দিন ব্যাপী (১৬ টি সেশনে বিন্যস্ত) এই প্রশিক্ষণ কর্মশালাটি ২য় পর্যায়ে আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে। অভিজ্ঞ গবেষকদের দ্বারা প্রশিক্ষণ সেবা প্রদান করা হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূর্নকালীন শিক্ষক হিসেবে কর্মরত শিক্ষকবৃন্দ এই প্রশিক্ষণ কার্যক্রমে অংশ নিতে পারবেন। উক্ত কর্মশালায় সকল অংশগ্রহণকারীকে কর্তব্যরত ছুটি নিতে হবে এবং প্রতিটি সেশনে শতভাগ উপস্থিত থাকতে হবে।

এলক্ষ্যে, প্রতিটি বিভাগ/ ইনস্টিটিউট থেকে প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণে আগ্রহী **দুই (০২) জন শিক্ষককে (সহকারী অধ্যাপক/ প্রভাষক অগ্রাধিকারী) মনোনিত করে নিম্নের ছক অনুযায়ী তাদের তথ্য আগামী ২২ ডিসেম্বর, ২০২৫ তারিখের মধ্যে বিভাগ/ ইনস্টিটিউটের সুপারিশসহ (অবশ্যই ছুটি অনুমোদনের পত্র সংযুক্ত করতে হবে)** আইকিউএসি অফিসে প্রেরণের জন্য বিনীত অনুরোধ করছি।

উল্লেখ্য, রেজিস্ট্রেশন অগ্রাধিকার ভিত্তিতে সকল অনুষদকে তিন ভাগে বিভক্ত (১. কলা, চারুকলা ও সংশ্লিষ্ট ইনস্টিটিউটসমূহ ২. সামাজিক বিজ্ঞান, আইন, বিজনেস স্টাডিস ও সংশ্লিষ্ট ইনস্টিটিউটসমূহ এবং ৩. বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ও সংশ্লিষ্ট ইনস্টিটিউটসমূহ) করে প্রতিটি প্রশিক্ষণ কার্যক্রমে প্রথম ৫০ জন (মোট ১৫০ জন) শিক্ষক (একজন শিক্ষক একবার) অংশগ্রহণ করতে পারবেন। ইতোপূর্বে যে সকল শিক্ষক এই কর্মশালায় অংশগ্রহণ করেছেন তাদের নাম প্রেরণের প্রয়োজনীয়তা নেই। **অংশগ্রহণকারী শিক্ষকদের কর্মশালায় ন্যূনতম ৮০% উপস্থিত থাকা সাপেক্ষে প্রশিক্ষণ শেষে আইকিউএসি কর্তৃক সনদপত্র এবং বিধি মোতাবেক সম্মানী প্রদান করা হবে।**

ধন্যবাদসহ,

ড. এম. রেজাউল ইসলাম
পরিচালক, ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০

**ছক**

| নাম (বাংলা ও ইংরেজী)/ পদবী | বিভাগ/ ইনস্টিটিউট | ফোন নম্বর এবং ই-মেইল | বিষয় | তারিখ | ভেন্যু |
|---|---|---|---|---|---|
| | | | "Research Methodology & Scientific Writing" শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা | ২৯ ডিসেম্বর ২০২৫ থেকে ০১ জানুয়ারি ২০২৬ পর্যন্ত | পরবর্তীতে জানানো হবে |

❖ **প্রশিক্ষণার্থীকে অবশ্যই প্রতিটি সেশনে উপস্থিত থেকে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।**